**রেজিস্টার্ড নং ডি এ-১** **"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ডিসেম্বর ৫, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৯ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০১.২০.২১৪—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২১ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**সুলতান** মাহমুদ
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১২.০০

## ''প্রিন্টিং প্রেস'' শিল্প

## খসড়া সুপারিশ-২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৭/০১/২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ১৭-আইন/২০২০ তারিখঃ ২১-০১-২০২০) নিম্নতম মজুরী বোর্ডে ''প্রিন্টিং প্রেস''' শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬. ৩২.০৭৩.১৭.২০ তারিখ: ০৬-০২-২০২০ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''প্রিন্টিং প্রেস'' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্রারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৫২৫০/- (পাচঁ হাজার দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৫২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ)) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৫৫১২.৫০ (পাঁচ হাজার পাঁচশত বারো টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

*স্বাক্ষরিত*
(সুলতান মাহমুদ)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

*স্বাক্ষরিত*
(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

*স্বাক্ষরিত*
(কাজী সাইফুদ্দীন আহমদ)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(সুলতান আহম্মদ)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(মোঃ জহুরুল ইসলাম )
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(মোঃ সাইফুল খান)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

## তপশিল '' ক ''

## শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>গ্রেড-১ (উচ্চতর দক্ষ-১):</u>**<br>১। সিনিয়র গ্রাফিক্স ডিজাইনার<br>২। সিনিয়র অফসেট অপারেটর<br>৩। সিনিয়র সুপারভাইজার<br>৪। সিনিয়র স্ক্যানার মেশিন অপারেটর<br>৫। সিনিয়র স্ট্রীপার | বিভাগীয় শহর | ১৬৭০০/- | ৮৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ২৬৪৫০/- |
| | জেলা শহর | ১৬৭০০/- | ৬৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ২৪৭৮০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ১৬৭০০/- | ৫৮৪৫/- | ১০০০/- | ৪০০/- | ২৩৯৪৫/- |
| **<u>গ্রেড-২ (উচ্চতর দক্ষ-২):</u>**<br>১। সিনিয়র স্ক্যানার মেশিন অপারেটর<br>২। সিনিয়র অটো অফসেট মেশিন অপারেটর<br>৩। জুনিয়র অফসেট অপারেটর<br>৪। সিনিয়র মনো অপারেটর<br>৫। সিনিয়র ক্যামেরাম্যান<br>৬। সিনিয়র রিটাচার<br>৭। সিনিয়র ফোরম্যান<br>৮। জুনিয়র সুপারভাইজার<br>৯। জুনিয়র স্ট্রীপার<br>১০। সিনিয়র কম্পিউটার অপারেটর | বিভাগীয় শহর | ১৩৩০০/- | ৬৬৫০/- | ১০০০/- | ৪০০/- | ২১৩৫০/- |
| | জেলা শহর | ১৩৩০০/- | ৫৩২০/- | ১০০০/- | ৪০০/- | ২০০২০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ১৩৩০০/- | ৪৬৫৫/- | ১০০০/- | ৪০০/- | ১৯৩৫৫/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>গ্রেড-৩ (দক্ষ-১):</u>**<br>১। সিনিয়র প্রুফ রিডার | বিভাগীয় শহর | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৪০০/- | ১৭৬০০/- |
| ২। কাটার (ডাই মেকার) | জেলা শহর | ১০৮০০/- | ৪৩২০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫২০/- |
| ৩। গুয়িং মেশিনম্যান<br>৪। সিনিয়র প্লেট মেকার<br>৫। চীফ বাইন্ডার<br>৬। সিনিয়র পেস্টার<br>৭। সহকারী গ্রাফিক্স ডিজাইনার<br>৮। পেপার কাটিং ম্যান<br>৯। জুনিয়র অটো অফসেট মেশিন অপারেটর<br>১০। অফসেট সহকারী<br>১১। জুনিয়র রিটাচার<br>১২। জুনিয়র ফোরম্যান<br>১৩। সিনিয়র মনোকাস্টার<br>১৪। হেড ফ্লাট মেশিনম্যান<br>১৫। অটোমেটিক মেশিনম্যান<br>১৬। সিনিয়র প্রুফ রিডার<br>১৭। কাটার<br>১৮। ডাই কাটিং মেশিনম্যান<br>১৯। জুনিয়র স্ক্যানার মেশিন অপারেটর | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০৮০০/- | ৩৭৮০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৯৮০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৪ (দক্ষ-২):**<br>১। জুনিয়র প্রুফ রিডার | বিভাগীয় শহর | ৮৩৫০/- | ৪১৭৫/- | ১০০০/- | ৪০০/- | ১৩৯২৫/- |
| ২। গ্লয়িং সহকারী মেশিনম্যান<br>৩। সহকারী কাটার (ডাই মেকার) | জেলা শহর | ৮৩৫০/- | ৩৩৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৩০৯০/- |
| ৪। লেমিনেশন মেশিন অপারেটর<br>৫। ডাই কাটিং মেশিনম্যান<br>৬। ফয়েল মেশিন অপারেটর<br>৭। জুনিয়র মনো অপারেটর<br>৮। জুনিয়র মনোকাস্টার<br>৯। প্লাট মেশিনম্যান<br>১০। জুনিয়র প্লেট মেকার<br>১১। জুনিয়র ব্লক মেকার<br>১২। সিনিয়র টাচার<br>১৩। সিনিয়র বাইন্ডার<br>১৪। লাইনো বারম্যান<br>১৫। সিনিয়র ট্রেডল মেশিনম্যান<br>১৬। সহকারী অটোমেটিক মেশিনম্যান<br>১৭। সহকারী কারমো মেশিনম্যান<br>১৮। গ্লাইন্ডিং ম্যান<br>১৯। কাটার সহকারী<br>২০। সহকারী ডাই কাটিং মেশিনম্যান<br>২১। পেস্টার<br>২২। সিনিয়র মাউন্টার<br>২৩। ক্রিজিং মেশিনম্যান<br>২৪। পেপার বোর্ড কাটিংম্যান<br>২৫। কাটিং মেশিন অপারেটর<br>২৬। স্ক্যানার মেশিন অপারেটর | উপজেলা ও অন্যান্য এলাকা | ৮৩৫০/- | ২৯২৩/- | ১০০০/- | ৪০০/- | ১২৬৭৩/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৫ (আধা-দক্ষ):**<br>১। সহকারী ডাইং কাটিং মেশিনম্যান | বিভাগীয় শহর | ৬৭০০/- | ৩৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ১১৪৫০/- |
| ২। সহকারী প্লেট মেকার | জেলা শহর | ৬৭০০/- | ২৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ১০৭৮০/- |
| ৩। জুনিয়র প্লেট মেকার<br>৪। জুনিয়র পেস্টার<br>৫। সহকারী পেপার কাটিংম্যান<br>৬। লেমিনেশন মেশিন সহকারী<br>৭। ফয়েল মেশিন সহকারী<br>৮। সহকারী কম্পোজিটর<br>৯। মেশিন সহকারী<br>১০। জুনিয়র টাচার<br>১১। জুনিয়র বাইন্ডার<br>১২। সিনিয়র প্রুফ বয়<br>১৩। গ্রেইনার<br>১৪। প্লেইট মেকার সাহায্যকারী<br>১৫। ব্লকের সাহায্যকারী<br>১৬। জুনিয়র মাউন্টার<br>১৭। সহকারী কাটিং মেশিন অপারেটর<br>১৮। জুনিয়র ট্রেডল মেশিনম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৭০০/- | ২৩৪৫/- | ১০০০/- | ৪০০/- | ১০৪৪৫/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৬ (অদক্ষ):**<br>১। অটো অফসেট মেশিন সহকারী | বিভাগীয় শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৪০০/- | ৮৯০০/- |
| ২। ডাই কাটিং হেলপার<br>৩। বাইন্ডার সহকারী | জেলা শহর | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৪০০/- | ৮৪০০/- |
| ৪। পেপার কাটিং সাহায্যকারী<br>৫। লেমিনেশন মেশিন হেলপার<br>৬। ফয়েল মেশিন হেলপার<br>৭। সহকারী ট্রেডল মেশিনম্যান<br>৮। ইংক ম্যান<br>৯। প্রুফ বয়<br>১০। সহকারী প্লেইনার<br>১১। মুদ্রণ সাহায্যকারী<br>১২। বাইন্ডিং সাহায্যকারী<br>১৩। কাটিং মেশিন সাহায্যকারী | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫০০০/- | ১৭৫০/- | ১০০০/- | ৪০০/- | ৮১৫০/- |
| **শিক্ষানবিশ :** | (ক) শিক্ষানবিশীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তপশিল '' খ ''

## কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-১:**<br>১। সিনিয়র হিসাব রক্ষক | বিভাগীয় শহর | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৪০০/- | ১৭৬০০/- |
| | জেলা শহর | ১০৮০০/- | ৪৩২০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫২০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০৮০০/- | ৩৭৮০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৯৮০/- |
| **গ্রেড-২:**<br>১। উচ্চমান সহকারী<br>২। হিসাবরক্ষক<br>৩। স্টোর কিপার<br>৪। ড্রাইভার | বিভাগীয় শহর | ১০১০০/- | ৫০৫০/- | ১০০০/- | ৪০০/- | ১৬৫৫০/- |
| | জেলা শহর | ১০১০০/- | ৪০৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৫৫৪০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ১০১০০/- | ৩৫৩৫/- | ১০০০/- | ৪০০/- | ১৫০৩৫/- |
| **গ্রেড-৩:**<br>১। হিসাব সহকারী<br>২। নিম্নমান সহকারী<br>৩। টাইম কিপার<br>৪। টাইপিস্ট<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। স্টোর এ্যাসিসটেন্ট<br>৭। টেলিফোন অপারেটর<br>৮। ক্যাশিয়ার<br>৯। সেলসম্যান | বিভাগীয় শহর | ৮৩৫০/- | ৪১৭৫/- | ১০০০/- | ৪০০/- | ১৩৯২৫/- |
| | জেলা শহর | ৮৩৫০/- | ৩৩৪০/- | ১০০০/- | ৪০০/- | ১৩০৯০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ৮৩৫০/- | ২৯২৩/- | ১০০০/- | ৪০০/- | ১২৬৭৩/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০%, জেলা শহরে মূল মজুরির ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৪:</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইটগার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর | ৬৭০০/- | ৩৩৫০/- | ১০০০/- | ৪০০/- | ১১৪৫০/- |
| | জেলা শহর | ৬৭০০/- | ২৬৮০/- | ১০০০/- | ৪০০/- | ১০৭৮০/- |
| | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৭০০/- | ২৩৪৫/- | ১০০০/- | ৪০০/- | ১০৪৪৫/- |
| **শিক্ষানবিশ :** | (ক) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশীকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.